মেহেরপুরে হয়রানি মূলক মামলা থেকে অব্যাহতি পেতে সংবাদ সম্মেলন

মেহেরপুরে সু-বিচার ও বারংবার মিথ্যা হয়রানি মূলক মামলা হতে অব্যাহতির জন্য জন্য সংবাদ মম্মেলন করেছে আব্দুল হান্নান নামের একজন।

আব্দুল হান্নান মেহেরপুর জেলার গাংনী উপজেলার করমদি গ্রামের মৃত আফেল উদ্দিন এর ছেলে। সোমবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে আব্দুল হান্নান বলেন, বিএনপি জামাত মাদক ব্যবসায়ী দ্বারা প্রভাবিত হয়ে ২০১৮ সালের ১৯ নভেম্বর রাতে একটি দোকানে বসা অবস্থায় এস আই মকবুল ও আর ওয়ান মোস্তফা আহম্মেদসহ ৪ জন পুলিশ সদস্য আমাকে আকড়ে ধরে। পরে হ্যান্ডকাপ পরিয়ে একটি মাইক্রোবাসে তোলে।

এসময় আমার কাছে থাকা ৮৩ হাজার টাকা কেড়ে নেয় এসআই মকবুল। পরে একটি মাঠের ভিতর নিয়ে গিয়ে আর ওয়ান মোস্তফা আমাকে বলে ১০-১২ লাখ টাকা দিতে পারবি কিনা বল। তখন আমি বলি আমার কাছে ৮৩ হাজার টাকা ছিল সেটা মকবুল স্যার নিয়ে নিয়েছে। আমার কাছে আর টাকা নেই।

পরে রাত সাড়ে ১০ টার দিকে আমাকে থানায় হস্তান্তর করে। আমার সাথে আরও দুইজন আসামী ছিল। পর দিন আমাকে ছেড়ে দেওয়া হবে বলে আমার বড় ভাই মুন্নাতের কাছ থেকে ৫ লাখ টাকা নেয় আর ওয়ান মোস্তফা। তারপরও আমাকে অস্ত্র ও গাজাঁ মামলায় চালান করা হয়।

দীর্ঘদিন কারাভোগের পর সু বিচার পাওয়অর জন্য ২০১৯ সালের ১৬ এপ্রিল বাংলাদেশ মানবাধিকারের মাধ্যমে মামলার কাগজপত্রাদি সহ প্রশাসনিক উচ্চ মহলে আবেদন করি। একই বছর ৮ জুলাই মেহেরপুর আদালতে একটি সি আর মামলা দায়ের করি। যার নাম্বার ২০৭/১৯।

বর্তমানে মামলাটি মেহেরপুর সিআইডির তদন্তাধীন আছে। আমার সিআর মামলার আসামীরা একই বছর ২ ডিসেম্বর আমার নামে পুনরায় জি আর মামলা দায়ের করেন।

এরপর বিভিন্ন কায়দায় আমার নাম ফাইনাল চার্জশিটে যোগ করে দেয়। এমতাবস্তায় মেহেরপুর জি আর ৩১৮/১৮, ৩১৯/১৯ ও ২৭৩/১৯ মিথ্যা মামলা থেকে অব্যহতি পাওয়ার জন্য সংশ্লিষ্ট কতৃপক্ষের কাছে অনুরোধ করছি।

চুয়াডাঙ্গায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড

চুয়াডাঙ্গায় শুরু হয়েছে তীব্র শৈত্যপ্রবাহ। সোমবার জেলায় এ মৌসুমের সর্বনিম্ন তামপাত্রা রেকর্ড করা হয়েছে ৫ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস।

শৈতপ্রবাহের প্রভাবে প্রচণ্ড শীতে এখানকার জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। হাড় কাঁপানো শীতে জবুথবু হয়ে পড়েছেন খেটে খাওয়া ও ছিন্নমূল মানুষ। প্রচন্ড ঠাণ্ডায় সময়মত কাজে যেতে পারছেন না তারা। ঘন কুয়াশা ও হিমেল হাওয়া অনুভূত হচ্ছে।

চুয়াডাঙ্গা আবহাওয়অ অফিস সূত্র জানায়, কয়েকদিন ধরেই জেলায় তীব্র শীত অনুভূত হচ্ছে। এতে নিম্ন আয়ের মানুষদের দুর্ভোগ বেড়েছে। এ দিকে শীতজনিত রোগে হাসপাতালগুলোতে বাড়ছে রোগীর সংখ্যা। এরমধ্যে বেশির ভাগই শিশু ও বয়স্ক।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাদুল হক জানান, সোমবার সকাল ৯টায় জেলার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৫ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস। এটাই জেলায় এ মৌসুমের সর্বনিম্ন তাপমাত্রা।

গতকাল রবিবার জেলা সবনিম্ন তাপমাত্রা ছিলো ৬ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

১১ এপ্রিল শুরু হতে পারে আইপিএল

আগামী ১১ এপ্রিল শুরু হতে পারে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল)। এর আগে চেন্নাইয়ে ১৮ ফেব্রুয়ারি আইপিএলের নিলাম অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। ফ্রাঞ্চাইজি এ টি-টোয়েন্টি টুর্নামেন্টের ফাইনাল হতে পারে ৫ অথবা ৬ জুন।

ভারতীয় গণমাধ্যম জানায়, ১১ থেকে ১৪ এপ্রিলের মধ্যে শুরু হতে পারে ২০২১ আইপিএলের মৌসুম। চলবে জুনের প্রথম সপ্তাহ পর্যন্ত।

করোনাভাইরাসের কারণে গতবার ভারতে আইপিএলের আয়োজন করা সম্ভব হয়নি। সেবার আইপিএলের ১৩তম আসর বসেছিল সংযুক্ত আরব আমিরাতে। তবে এবার ভারতীয় ক্রিকেট বোর্ড দেশে এই টি-টোয়েন্টি টুর্নামেন্টের আয়োজন করতে চায়।

মিয়ানমারে সেনা অভ্যুত্থান: ব্যবস্থা নেয়ার হুঁশিয়ারি আমেরিকার

মিয়ানমারে নির্বাচিত সরকারকে অভ্যুত্থানের মাধ্যমে সরিয়ে আগামী এক বছরের ক্ষমতা নিয়েছে দেশটির সেনাবাহিনী। পাশাপাশি অং সান সু চি ও প্রেসিডেন্ট উইন মিন্টসহ ক্ষমতাসীন দল ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি দলের শীর্ষ নেতাদের গ্রেপ্তার করে সেনাবাহিনী।

এ ঘটনার কড়া প্রতিক্রিয়া জানিয়েছে আমেরিকা ও অস্ট্রেলিয়া। হোয়াইট হাউসের মুখপাত্র জেন সাকি এক বিবৃতিতে বলেছেন, ‘নির্বাচনের ফলাফল পরিবর্তন বা গণতান্ত্রিকভাবে ক্ষমতা পরিবর্তন প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করার যেকোনো প্রচেষ্টা আমেরিকা প্রত্যাখ্যান করছে। যদি এই সিদ্ধান্ত পরিবর্তন করা না হয়, তাহলে

আমরা ব্যবস্থা নেব।’

আর অস্ট্রেলিয়াও এই সেনা অভ্যুত্থানের নিন্দা জানিয়েছে। দেশটি বলেছে, তারা এই গ্রেফতারে গভীরভাবে উদ্বিগ্ন। দেশটির পররাষ্ট্রমন্ত্রী ম্যারিস পেইন বলেছেন, ‘আমরা সেনাবাহিনীকে আইনের শাসন মেনে চলতে আহ্বান জানায়। যেসব রাজনৈতিক নেতাকে বেআইনিভাবে আটক করা হয়েছে, আমরা তাদের অবিলম্বে মুক্তি দাবি করছি।’

এর আগে দেশটির সেনা নিয়ন্ত্রিত টিভি চ্যানেল মিয়াওয়াদ্দি নিউজ জানায়, প্রতিরক্ষা বিভাগের কমান্ডার ইন চিফ মিন অং হ্লাইং জরুরি অবস্থাকালে মিয়ানমারের সরকার প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন।

সাবরিনার বিরুদ্ধে মামলার প্রতিবেদন ৩ মার্চ

প্রথম জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) তথ্য গোপন করে দ্বিতীয় এনআইডি করার অভিযোগে করা মামলায় জাতীয় হৃদরোগ ইনস্টিটিউটের সাবেক চিকিৎসক সাবরিনা শারমিনের বিরুদ্ধে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য ৩ মার্চ দিন ধার্য করেছেন আদালত।

সোমবার ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মামুনুর রশীদের আদালত এ আদেশ দেন। এদিন মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের দিন ধার্য ছিল। কিন্তু মামলার তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল না করায় আদালত নতুন দিন ধার্য করেন।

গত বছরের ৩০ আগস্ট বাড্ডা থানায় ডা. সাবরিনার বিরুদ্ধে মামলাটি করেন গুলশান থানা নির্বাচন অফিসার মোহাম্মদ মমিন মিয়া। ২০১০ সালের জাতীয় পরিচয় নিবন্ধন আইনের ১৪ ও ১৫ ধারায় মামলাটি করা হয়।

ইসি সূত্র জানায়, ডা. সাবরিনার দুই এনআইডিতে স্বামীর নাম দুরকম উল্লেখ আছে। একটি এনআইডির চেয়ে অন্যটিতে বয়স কম দেখানো হয়েছে। বর্তমান তার দুটি এনআইডি-ই ব্লক করে দেয়া হয়েছে। বিষয়টি নজরে আসার পর বিস্তারিত জানতে ইসির কাছে তথ্য চেয়েছে দুর্নীতি দমন

কমিশন (দুদক)।

অন্যদিকে, করোনার ভুয়া রিপোর্ট দেয়ার অভিযোগে প্রতারণার মামলায় জেকেজি হেলথকেয়ারের চেয়ারম্যান ডা. সাবরিনা চৌধুরী ও সিইও আরিফুল হক চৌধুরীসহ আটজনের বিরুদ্ধে সাক্ষ্যগ্রহণ চলছে ঢাকা মহানগর হাকিম আদালতে। করোনাভাইরাসের নমুনা পরীক্ষা না করেই ভুয়া রিপোর্ট দেয়ার অভিযোগ এনে গত ২৩ জুন তেজগাঁও থানায় মামলাটি করেন কামাল হোসেন নামে এক ব্যক্তি।

আলমডাঙ্গায় আওয়ামী লীগের নির্বাচনী অফিস’র উদ্বোধন

আলমডাঙ্গা পৌরসভা নির্বাচন উপলক্ষে ৩ নং ওয়ার্ডে আওয়ামী লীগের উদ্যোগে নির্বাচনী অফিসের উদ্বোধন করা হয়েছে। গতকাল রবিবার রাত সাড়ে ৯ টার দিকে পৌর এলাকার ৩নং ওয়াডের কলেজ পড়ায় এ নির্বাচনী অফিস উদ্বোধন করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু।

এ সময় তিনি বলেন জননেন্ত্রী শেখ হাসিনা আমাকে নৌকা প্রতীক দিয়েছেন, আমার নেতা জননেতা বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন এমপি আমাকে মনোনয়ন পেতে সহায়তা করেছেন, উনার সহায়তায় আমি নৌকা প্রতীক পেয়েছি। আপনারা মনে রাখবেন, নৌকা জননেন্ত্রী শেখ হাসিনার প্রতীক, নৌকা বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুনের প্রতীক।

আপনারা আগামী ১৪ ফেব্রুয়ারীর পৌর নির্বাচনে নৌকাকে বিজয়ী করে আলমডাঙ্গা পৌর সভার উন্নয়নে সাহায়তা করেন। সম্প্রতি এমপি ছেলুন ৩৩টি রাস্তার নির্মাণ কাজের উদ্বোধন করেছেন, বৈশ্বিক মহামারির কারণে আমরা কিছুটা পিছিয়ে গেছি, তারপরও পানির লাইনের কাজ টেন্ডার হয়ে গেছে, ড্রেনের কাজ চলছে। আগামীতে একটা নতুন মেগা প্রকল্প আমরা পেয়েছি। সেটা হলে আলমডাঙ্গা মডেল পৌরসভা হিসেবে আখ্যা পাবে। মানুষ মাত্রই ভুল ত্রুটি হয়, আমরও হতে পারে, আমি আপনাদের কাছে মনের অজান্তে যদি কোন ভুল করি তবে নিজ গুণে ক্ষমা করে

দেবেন।

গতকাল রাত সকড়ে ৯ টার দিকে কলেজ পাড়ায় নিরাবাচনী সভায় সভাপতিত্ব করেন ৩ নং ওয়ার্ড আওয়ামী লীগের নেতা বাবু রবি কর্মকার। বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি প্রশান্ত অধিকারি, উপজেলা আওয়ামী লীগের, সহ-সভাপতি হামিদুল ইসলাম, যুগ্ম-সম্পাদক কাজী রবিউল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, সম্পাদক মতিয়ার রহমান ফারুক, যুগ্ম-সম্পাদক সাইফুর রহমান পিন্টু, উপজেলা ছাত্রলীগের সভাপতি ও ভাইস চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আমিরুল ইসলাম।

সাবেক ছাত্রলীগের নেতা মনিরুজ্জামানের উপস্থাপনায় বক্তব্য রাখেন, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, বিশ্বজিৎ শাধু খা, পলাশ আচার্য, হাসেম আলী, জয়দেব শাধুখা, বিষ্ণু অধিকারি, রনি, শুভ বিশ্বাস, সোহাগ, মিলন, সঞ্জিত, মদন সাহা, মনি ঠাতুর, দিলু, ফারুক প্রমুখ।

এর আগে সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে আলমডাঙ্গা ১ নং ওয়ার্ডের মাঠপাড়া ঢালের নৌকার অফিস, উদ্বোধনী সভায় সভাপতিত্ব করেন সিরাজুল ইসলাম, অফিস উদ্বোধন করেন প্রধান অতিথি নৌকার প্রার্থী উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদীর গনু।

বিশেষ অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি প্রশান্ত অধিকারি, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সহ-সভাপতি হকমিদুল ইসলাম, যুগ্ম-সম্পাদক কাজী রবিউল হক, ১নং ওয়ার্ডের সভাপতি সোনা উল্লা, সম্পাদক কামাল হোসেন, মিঠু মিযা, শমসের আলী, সাইফুল ইসলাম, আনোয়র হোসেন, লাভলু মিয়া প্রমুখ। সভা শেষে নির্বাচনী অফিস উদ্বোধন েকেরন।

ঝিনাইদহে তাজী এগ্রো

ইন্ড্রাট্রিজ লিমিটেডে আগুন

ঝিনাইদহ সদর উপজেলার অচিন্তনগর গ্রামে চারকোল(পিন্টারের কালি) তৈরির একটি কারখানায় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। গতকাল রোববার দুপুরে এ ঘটনায় ঘটে। আগুন নিয়ন্ত্রণের সময় মহাব্বত আলী নামের একজন ফায়ার সার্ভিসের কর্মী আহত হন।

ঝিনাইদহ, মাগুরা ও শৈলকুপার ফায়ার সার্ভিসের ৩ টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করছে।

ঝিনাইদহ ফায়ার সার্ভিসের ডিএডি সামিমুল ইসলাম জানান, দুপুরে অচিন্তনগর গ্রামে তাজী এগ্রো ইন্ড্রাট্রিজ লিমিটেড নামের ওই কারখানায় হঠাৎ করেই আগুন ধরে যায়। মূহুর্তের মধ্যে তার পাশের গোডাউনে ধরে যায়। খবর পেয়ে ঝিনাইদহ, শৈলকুপা ও মাগুরা ফায়ার সার্ভিসের ৩ টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করছে। আগুন নিয়ন্ত্রণের সময় ফায়ার সার্ভিসের এক কর্মী আহত হয়েছে। পরে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আগুনের খবর এলাকায় ছড়িয়ে পড়লে শতশত নারী পুরুষ অচিন্তনগর গ্রামে ভিড় জমায়। বর্তমানে আগুন নিয়ন্ত্রণে আছে বলে জানিয়েছেন ফায়ার সার্ভিসের ডিএডি সামিমুল ইসলাম।

স্থানীয় ইউপি সদস্য মিকাইল হোসেন জানান, তাজী এগ্রো ইন্ড্রাট্রিজ লিমিটেড এর ক্ষতির পরিমাণ প্রায় এক কোটি টাকা হবে।

আলমডাঙ্গা ও মিরপুর পোল্ট্রি খামারি এ্যাসোসিয়েশনের বিক্ষোভ

আলমডাঙ্গা ও মিরপুর পোল্ট্রি খামারি এ্যাসোসিয়েশনের উদ্যোগে বিক্ষোভ সমাবেশ ও মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। গতকাল রোববার বেলা ১২ টার দিকে বধ্যভূমিতে সমবেত হয়ে পশুহাট সংলগ্ন

ব্রিজের পাশে বিক্ষোভ সমাবেশ ও মানববন্ধন কর্মসূচি পালন করে।

বিক্ষোভ সমাবেশে সভাপতিত্ব করেন নজরুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা-মিরপুর পোল্ট্রি এসোসিয়েশনের আহবায়ক মোঃ রেজাউল ইসলাম। এ সময় তিনি বলেন, খোলা বাজারে বাচ্চা বিক্রয় বন্ধ, পোল্ট্রি খাবার ও মুরগীর বাজার নিয়ন্ত্রণ, ক্ষতিগ্রস্থ খামারিদের প্রণোদনা পাওয়ার দাবীতে আমরা এই মানববন্ধন কর্মসূচি পালন করছি।

আপনাদের মাধ্যমে জানাতে চাই, ডিলারগণ পরিবেশকের তকমা লাগিয়ে খোলা বাজারে বাচ্চা বিক্রয় করে প্রকৃত খামারিদের ক্ষতিগ্রস্থ করছে। খাবার খুচরা মূল্যে বিক্রয় করে খামারিদের সাথে অসৌজন্য মূলক আচরণ করছে। করোনাকালীন খামারিগণ ব্যাপক ক্ষতিগ্রস্থ হয়েছি, আমাদের সরকারি প্রণোদনা ও ৪% সুদে ঋণ সুবিধা দিলে আমরা প্রায় ২ শত পোল্ট্রি খামারি বাঁচতে পারি। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রেস ক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল আজম, যুগ্ম-সম্পাদক প্রশান্ত বিশ্বাস।

মাহাতাব মাস্টারের উপস্থাপনায় বক্তব্য রাখেন মাহাতাব উদ্দিন, নজরুল ইসলাম, রাজু আহম্মদ, তানজুর আলী, আশিক আলী, রাহাত আলী, আব্দুল আলীম, কুরবান আলী, শাহিন আলম, আব্দুল হামিদ মৃধা, হেলাল, মজিবুল হক, সেন্টু মিয়া, আমির হামজা, সাইফুল, মোস্তাফিজুর, ইসরাইল, কালাম, মানিক মাস্টার, আব্দুল মান্নান, রনি আহম্মদ, আব্দুল্লাহ, মিনারুল, আলমগীরসহ দুই শতাধিক পোল্ট্রি খামারি।

কোটচাঁদপুর পৌর নির্বাচনে ২ মেয়র প্রার্থীর জামানত বাজেয়াপ্ত

তৃতীয় ধাপে অনুষ্ঠিত ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর নির্বাচনে ২ মেয়র প্রার্থীর জামানত বাজেয়াপ্ত হয়েছে। গত শনিবার (৩০ জানুয়ারী) কোটচাঁদপুর পৌরসভা নির্বাচনে আ. লীগের বিদ্রোহী (স্বতন্ত্র)

প্রার্থী (মোবাইল প্রতীক) সহিদুজ্জামান সেলিম ৮ হাজার ৩’শ ৪২ ভোট পেয়ে বেসরকারি ভাবে নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি মনোনিত প্রার্থী সালাহউদ্দীন বুলবুল সিডল (ধানের শীষ প্রতীক) পেয়েছেন ৭ হাজার ১’শ ২৮ভোট।

অন্যদিকে আ. লীগের দলীয় মনোনীত নৌকা প্রতীকের প্রার্থী মোঃ শাহাজান আলী পেয়েছেন ২ হাজার ৩৮ ভোট। অপরদিকে বর্তমান মেয়র স্বতন্ত্র প্রার্থী জাহিদুল ইসলাম জিরে পেয়েছেন ২ হাজার ৮৯ ভোট।

নির্বাচন আইন অনুযায়ী জামানত ফিরে পেতে মোট প্রদত্ত ভোটের ৮ ভাগের এক ভাগ পেতে হয়। ৩০ জানুয়ারী অনুষ্ঠিত কোটচাঁদপুর পৌর নির্বাচনে ৯ টি ওয়ার্ডে ২৭ হাজার ৪’শ ৯৩ জন ভোটারের মধ্যে ১৯ হাজার ৮’শ ৯৮ ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন। এর মধ্যে বাতিল হয়েছে ৩০১ ভোট।

সেই হিসাবে ২ প্রতিদ্বন্দ্বী প্রার্থী সহিদুজ্জামান সেলিম এবং সালাহউদ্দীন বুলবুল সিডল উভয়ে পেয়েছেন ১৫ হাজার ৪’শ ৭০ ভোট।

অপরদিকে আ. লীগের দলীয় মনোনীত নৌকা প্রতীকের প্রার্থী মোঃ শাহাজান আলী এবং বর্তমান মেয়র স্বতন্ত্র প্রার্থী জাহিদুল ইসলাম জিরে উভয়ে পেয়েছেন ৪ হাজার ’১শ ২৭ ভোট।

যা মোট প্রদত্ত ভোটের ৮ ভাগের কম। সেই হিসাবে তাদের জামানত বাজেয়াপ্ত হয়েছে। নির্বাচনে প্রদত্ত ভোটের হার ৭২.৩৭ শতাংশ।

মেহেরপুরে টাকাই মেলে পাসপোর্ট!

এম এফ রুপক / পাভেল মাহমুদ
মেহেরপুর অঞ্চলিক পাসপোর্ট অফিসে টাকা ছাড়া সময় মত পাসপোর্ট মিলছে না। সরকারি নির্ধারিত টাকায় পাসপোর্ট করতে গেলে হয়রানি হতে হচ্ছে গ্রাহকদের। বিভিন্ন ধরণের ভুল আছে বলে বিভিন্নভাবে হয়রানি করছে পাসপোর্ট অফিসে নিয়োজিতরা এমন অভিযোগ করেছে বেশ

কয়েকজন গ্রাহক।

আবার অতিরিক্ত টাকা দিলেই কোন রকম ঝামেলা ছাড়াই হয়ে যাচ্ছে পাসপোর্ট। পাসপোর্ট অফিসের নিরাপত্তায় থাকা আনসার, পুলিশ সদস্য ও নিয়োজিত কর্মচারীরাই নিচ্ছে এই অতিরিক্ত টাকা এমন অভিযোগ ভুক্তভোগীদের। মাসের পর মাস ধরে চলা কর্মচারীদের দুর্নীতি আর সিন্ডিকেটের আধিপত্য এখন যেন প্রাতিষ্ঠানিক রূপ নিয়েছে। কিছু কর্মকর্তা-কর্মচারীর সৃষ্ট আইন ও উর্দ্ধতন কর্মকর্তার মদদ এবং ইচ্ছাকৃত গ্রাহক হয়রানি যেন নিত্য দিনের কাজ।

এ ছাড়াও অভিযোগ রয়েছে নতুন করে কেউ পাসপোর্টের জন্য অফিসে গেলে সেখানকার আনসার, পুলিশসহ ভিতরের অনেকেই সেই গ্রাহককে নিজের আয়ত্বে নেওয়ার চেষ্টা করে। কারণ হিসেবে জানা যায়, তাড়াতাড়ি পাসপোর্ট করে দেওয়া হবে অর্থের বিনিময়ে এমন প্রলোভন দেওয়া হয় গ্রাহকদের। টাকা না দিলে নির্ধারিত তারিখে তো দূরের কথা তার ২-৩ মাসের মধ্যেও আসেনা পাসপোর্ট। প্রিন্টিংএ আছে, করোনার কারণে দেরি হচ্ছে, আগে নিতে চাইলে ঢাকায় গিয়ে নিয়ে আসেন এমন কথা বলে হয়রানি করা হচ্ছে গ্রাহকদের। এমন হয়রানির হাত থেকে বাঁচতে অনেকেই প্রয়োজনের তাগিদে বাধ্য হয়ে অতিরিক্ত টাকা দিয়েই পাসপোর্ট করছেন।

নাম প্রকাশ না করার শর্তে পাসপোর্ট করতে আসা এক ভুক্তভোগী জানান, সাধারণভাবে পাসপোর্ট জমা দিতে আসলে তারা বিভিন্ন অজুহাতে বিভিন্ন ভুল ধরে বের করে দেয়। কিন্তু অফিসের লোকজনের মাধ্যমে অতিরিক্ত টাকা দিয়ে দিলে কোনো সমস্যা হয় না, এতো ফর্মালিটি মেইন্টেন করতে হয় না। এ রকম জানার পর হয়রানীর ভয়ে অতিরিক্ত টাকা দিয়ে এক দালালের মাধ্যমে পাসপোর্ট ফরম জমা দিয়েছি।

রাধাকান্তপুরের ইব্রাহিম জানান, নির্ধারিত সময়ে পাসপোর্ট না পেয়ে বাধ্য হয়ে ঢাকা থেকে নিতে হয়েছে। মেহেরপুর আঞ্চলিক পাসপোর্ট অফিসে গিয়ে বার বার ফেরত আসতে হয়েছে। এক সময় নিরাপত্তায় থাকা আনসার সদস্য আমার সাথে দেড় হাজার টাকা দবি করে, দ্রুত পাসপোর্ট এনে দেবে বলে।

এছাড়াও অভিযোগ রয়েছে পাসপোর্ট গ্রাহকদের হাতে দেওয়ার সময় বকশিসের নামে নেওয়া হয় কয়েক’শ টাকা।

মেহেরপুর শহরের রাফিউল ইসলাম জানান, গত তিন বছর ধরে আমার পাসপোর্ট পাচ্ছিনা। অফিসে গিয়ে আমার পাসপোর্টের বিষয়ে জানতে

চাইলে সবাই বিভিন্ন বাহানা শুরু করে। কখনো বলে কুষ্টিয়া যেতে হবে আবার কখনো বলে ঢাকায় থেকে নিয়ে আসেন। কিডনির সমস্যায় ভুগছি দীর্ঘদিন। ভারতে যাবো চিকিৎসা করতে। কিন্তু পাসপোর্টের অভাবে যেতে পারছিনা।

গ্রাহকদের নানা ধরণের অভিযোগের ভিত্তিতে গতকাল রবিবার ৩১ জানুয়ারি পাসপোর্ট অফিসে পরিচয় গোপন করে গেলে কথা হয় পাসপোর্ট অফিসে কর্মরত পুলিশ সদস্য রাকিবের সাথে। নতুন পাসপোর্টের আবেদন করতে হবে জানাতেই তিনি সুযোগটি লুফে নিতে এই প্রতিবেদককে অফিসের পাশে নিয়ে নতুন পাসপোর্ট ও নবায়ন করার সম্পূর্ণ প্রক্রিয়া বলেন।

তিনি বলেন, নতুন ৫ বছর মেয়াদী এমআরপি পাসপোর্ট করতে অফিস খরচসহ মোট খরচ হবে ৮ হাজার ৫০০ টাকা। সময় লাগবে ২ মাস। ৫ বছর মেয়াদী ই-পাসপোর্ট নবায়ন করতে অফিস খরচসহ লাগবে ৯ হাজার টাকা। সময় লাগবে ১ মাস। অথচ ৫ বছর মেয়াদী এমআরপি পাসপোর্টে সরকারি ফি ভ্যাটসহ নির্ধারণ করা আছে ৩ হাজার ৪৫০ টাকা এবং ই-পাসপোর্টে সরকারি ফি ভ্যাটসহ নির্ধারণ করা আছে ৪ হাজার ২৫ টাকা।

এ বিষয়ে মেহেরপুর আঞ্চলিক পাসপোর্ট অফিসের উপ-পরিচালক শাহিনুর রহমান জানান, সুনির্দিষ্ট অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে।